‘৩৬ ২৪ ৩৬’ সিনেমায় ভিন্ন রূপে দীঘি, পুরস্কারও পেলেন ‘বেস্ট ইন্সপায়ারিং অ্যাক্টর’

written by Chandradip News24 | November 10, 2024

সম্প্রতি মুক্তি পেয়েছে দীঘি অভিনীত আলোচিত সিনেমা ‘৩৬ ২৪ ৩৬’। চরকি প্রযোজিত এই সিনেমাটি মুক্তির আগেই বেশ সাড়া ফেলেছিল। তবে মুক্তির পর দীঘির অভিনীত ভিন্নধর্মী চরিত্র দর্শকদের নজর কেড়েছে। এই সিনেমার মাধ্যমে দীঘি নতুন এক রূপে হাজির হয়েছেন, যা এর আগে তার ভক্তরা কখনও

দেখেননি।

সিনেমা মুক্তির পাশাপাশি আরও একটি সুখবর পেয়েছেন দীঘি। সম্প্রতি একটি সংগঠনের পক্ষ থেকে ‘বেস্ট ইন্সপায়ারিং অ্যাক্টর’ পুরস্কারে ভূষিত হয়েছেন তিনি। পুরস্কার গ্রহণের সময় দীঘি তার প্রতিক্রিয়া জানাতে গিয়ে বলেন, “এই স্বীকৃতি আমাকে আরও ভালো কাজ করতে অনুপ্রাণিত করবে।”

পুরস্কার মঞ্চে অভিনেত্রী দীঘিকে জিজ্ঞেস করা হয় ইউটিউবার তৌহিদ আফ্রিদির সঙ্গে তার বর্তমান সম্পর্কের ব্যাপারে। দীঘি অকপটে জানান, “তৌহিদ আফ্রিদির সঙ্গে এখনো ভালো বন্ধুত্ব রয়েছে। বন্ধুত্ব কখনোই সময়ের সঙ্গে বদলায় না। সে সবসময় আমার ভালো বন্ধু ছিল, আছে, থাকবে।”

পুরস্কার প্রদান অনুষ্ঠানে দীঘিকে অভিনেত্রী হিসেবে নিজেকে মার্কিং করতে বলা হলে, তিনি বলেন, “আমি নিজেকে মার্কিং করতে পছন্দ করি না। সবসময় মনে হয় আমি আরও ভালো করতে পারতাম। যদি মার্কিং করতে হয়, তবে ১০ এর মধ্যে ৫-এর বেশি নিজেকে দিতে চাই না।”

চিত্রনায়ক শাকিব খানের সঙ্গে জুটি বেঁধে অভিনয়ের প্রসঙ্গে দীঘিকে প্রশ্ন করা হলে, তিনি হেসে বলেন, “আমি শাকিব ভাইকে ‘চাচ্চু’ বলে ডাকতাম। তাই আমাদের একসঙ্গে কাজ করার বিষয়টি একটু অস্বাভাবিক মনে হয়।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম